

৪ নং গাজিরটেক ইউনিয়ন পরিষদ কার্যালয়

অফিস : কানাইরটেক, ডার্কঘর : চর হাজিগঞ্জ, উপজেলা : চরভদ্রাসন, জেলা : ফরিদপুর।

মোঃ ইয়াকুব আলী

চেয়ারম্যান

৪ নং গাজিরটেক ইউনিয়ন পরিষদ

চরভদ্রাসন, ফরিদপুর।

মোবাঃ ০১৭১১-৯৭৬৫৪৭



স্মারক নং গা.ইউপি/২২-২২

তারিখঃ ০৭/০৩/২০২২ খ্রিঃ

ইজারা বিজ্ঞপ্তি

এত দ্বারা জন্মসূত্রে পেশাদার পাটনীগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র ৪নং গাজিরটেক ইউনিয়ন ব্যবস্থায় উল্লিখিত খেওয়াঘাট নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসরের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্তে সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ১২.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সংরক্ষিত দরপত্র বাস্তবে সীল মহর যুক্ত খামে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা যাইতেছে। ঐ দিন দুপুর ১২.৩০ মিনিটে সময় (যদি কেহ উপস্থিত থাকে) দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে।

ক্রম	খেওয়া ঘাটের নাম	লক্ষ্য মাত্রা	সিডিউল মূল্য	জামানতের পরিমাণ	দরপত্র বিক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ
০১	চর হাজিগঞ্জ বাজার হইতে চর হোসেন পুর সেকেন মন্ডলের বাড়ী হইয়া নতুন ডাক্তারী সমূহ মাঝারি বাড়ী পর্যন্ত খেওয়াঘাট স্থানীয় আমদানী রপ্তানী মালামালসহ নদী পারাপার ৫০০মিঃ স্থানান্তর যোগ্য	১৫,০০০/-	৩০০/-	২৫%	১ম পর্যায় ২০-০৩-২০২২খ্রিঃ ২য় পর্যায় ২৪-০৩-২০২২খ্রিঃ ৩য় পর্যায় ৩১-০৩-২০২২খ্রিঃ	১ম পর্যায় ২১-০৩-২০২২খ্রিঃ ২য় পর্যায় ২৭-০৩-২০২২খ্রিঃ ৩য় পর্যায় ০৩-০৪-২০২২খ্রিঃ
০২	মধুফকিরের ডাক্তারী জকার উকিলের বাড়ীর ঘাট হইতে চর মৈজদ্দিন ঘাট পর্যন্ত খেওয়াঘাট স্থানীয় আমদানী রপ্তানী মালামালসহ নদী পারাপার ৫০০মিঃ স্থানান্তর যোগ্য	১২,০০০/-	২৫০/-	২৫%	ঐ	ঐ

শর্তাবলী

- ০১। জন্মসূত্রে ইউনিয়নের স্থায়ী পেশাদার পাটনীর দরপত্র অগ্রাধীকার দেওয়া হইবে।
- ০২। জন্মসূত্রে স্থায়ী পেশাদার পাটনী পাওয়া না গেলে সর্ব সাধারণের নিকট হতে দরপত্র গ্রহন করা হইবে।
- ০৩। দরপত্র অনুমোদনের ৭ দিনের মধ্যে ইজারাদারকে ইজারা মূল্যের ৫.৫০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর সরকারের অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিল ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত হইবে।
- ০৪। ক্রটি পূর্ণ দরপত্র গ্রহন যোগ্য হবে না।
- ০৫। ইজারাদারকে নিজ ব্যয়ে খেওয়া ঘাট সমূহ নির্ধারিত সময় নির্ধারিত স্থান হইতে বর্ষা ও শুষ্ক মৌসুমে যাত্রী ও মালামাল উঠা নামা করাইতে হইবে।
- ০৬। দরপত্র দাখিলের সময় ইজারা মূল্যের ২৫% অর্থ যে কোন তফশীল ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সহিত গাথিয়া দিতে হবে।
- ০৭। দরপত্র গ্রহীত হওয়ার ০৭ দিনের মধ্যে অবশিষ্ট টাকা জমা দিয়ে রশিদ গ্রহন করিতে হইবে। অন্যথায় ইজারা বাতিল ও জমাকৃত টাকা অত্র ইউনিয়ন পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, চর ভদ্রাসন এর কার্যালয়ে দরপত্র পাওয়া যাইবে এবং দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হইবে না।
- ০৯। ইউনিয়ন পরিষদের অনুমোদিত খেওয়া পারাপারের তোলার হাড় ইজারাদার কর্তৃক উভয় পাড়ের প্রকাশ্য স্থানে লটকাইয়া রাখিতে হইবে।
- ১০। ৩০০/- (তিন শত) টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন পূর্বক ঘাটের দখল পজিশন করিতে হইবে।
- ১১। দরপত্র বিজ্ঞপ্তিতে যে, সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। খেওয়াঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ ও নির্দেশ দরদাতাকে মেনে চলতে হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

মোঃ

চেয়ারম্যান

৪নং গাজিরটেক ইউপি

তারিখঃ

স্মারক নং: গা.ইউপি/২২-২২/১৭) তারিখ ৭/৩/২০২২

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর ভদ্রাসন ফরিদপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, চর ভদ্রাসন ফরিদপুর।

৩। সহকারী কমিশনার ভূমি, চর ভদ্রাসন ফরিদপুর।

৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, গাজিরটেক ইউনিয়ন।

৫। ইজারাদার সকল.....

৬। ইউনিয়ন টেন্ডার কমিটির সদস্য (সকল)

৭। অফিস কপি

৭/৩/২০২২
চেয়ারম্যান
মোঃ ইয়াকুব আলী
৪নং গাজিরটেক ইউপি
৪নং গাজিরটেক ইউনিয়ন পরিষদ
চরভদ্রাসন, ফরিদপুর।
৭/৩/২২